



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

বিশ্ব পর্যটন দিবসে মাদারিহাটে শুরু জলদাপাড়া পর্যটন হাট



মলয় দেবনাথ , এই যুগ , আলিপুরদুয়ার , ২৭ সেপ্টেম্বর : বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে আজ থেকে আলিপুরদুয়ার জেলার মাদারিহাটে শুরু হল ‘জলদাপাড়া পর্যটন হাট’। জলদাপাড়া জাতীয় উদ্যানের সামনে মাদারিহাট থানার পাশে এই পর্যটন হাটের উদ্বোধন করেন আলিপুরদুয়ারের জেলাশাসক মম্বুরী বসু। এই পর্যটন হাটে ডুয়ার্সের বিভিন্ন জনজাতি সম্প্রদায়ের নিজস্ব খাবার, হস্তশিল্প ও বিভিন্ন সামগ্রী নিয়ে একাধিক স্টল তৈরি করা হয়েছে। পাশাপাশি জনজাতির মহিলাদের হাতে তৈরি বিভিন্ন সামগ্রী, পোশাক ও কাপড়ের দোকানও রয়েছে। পর্যটকদের সামনে ডুয়ার্সের লোকসংস্কৃতি তুলে ধরতে থাকছে বিভিন্ন জনজাতি সম্প্রদায়ের সাংস্কৃতিক নৃত্য ও অন্যান্য পরিবেশনা। জানা গিয়েছে, এখন থেকে প্রতি সপ্তাহের বৃহস্পতিবার এই পর্যটন হাট বসবে। জলদাপাড়া জাতীয় উদ্যানে ঘুরতে আসা পর্যটকদের কাছে ডুয়ার্সের স্থানীয় সংস্কৃতি, খাবার ও হস্তশিল্পের সঙ্গে পরিচিত হওয়ার অন্যতম আকর্ষণ হয়ে উঠতে পারে এই হাট।

কলকাতার নিউটাউনের কনভেনশন সেন্টারে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন এর পৌরহিত্যে গুরুত্বপূর্ণ সাংগঠনিক বৈঠক



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , কলকাতা , ২৭ সেপ্টেম্বর : কলকাতার নিউটাউনের কনভেনশন সেন্টারে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন এর পৌরহিত্যে রবিবার অনুষ্ঠিত হলো বিজেপির গুরুত্বপূর্ণ সাংগঠনিক বৈঠক। উপস্থিত ছিলেন বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক ও পশ্চিমবঙ্গ প্রদেশ পর্যবেক্ষক সুনীল বনসাল , দলের রাজ্য সভাপতি শ্রীকান্ত ভট্টাচার্য , মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী , দলের প্রদেশ সাধারণ সম্পাদক (সংগঠন) অমিতাভ চক্রবর্তী সহ দলের রাজ্য নেতৃত্ব ও নির্বাচিত সকল সাংসদ সহ বিধায়কগণ। জানা গেছে সংগঠন কে আরও শক্তিশালী করা, জনসেবার কাজকে আরও গতিশীল করা এবং দ্রুত মানুষের কাছে পৌঁছে দেওয়া সহ বিভিন্ন বিষয় নিয়ে এদিনের বৈঠকে বিস্তারিত আলোচনা হয়।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper , Magazine,
Book , Flex , Poster , Cartoon , Logo

Publishing work

Publishing work : Newspaper , Magazine , Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY , HOWRAH-711403 , WEST BENGAL

ব্রজেরকুঠিতে বৃদ্ধের ঝুলন্ত দেহ উদ্ধার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার-২ ব্লকের শামুকতলা থানার অন্তর্গত ব্রজেরকুঠি এলাকায় শনিবার রাতে এক বৃদ্ধের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, মৃতের নাম কমল দেবনাথ। শনিবার রাতে নিজের বাড়ি থেকেই তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার করেন পরিবারের সদস্যরা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় শামুকতলা থানার পুলিশ। দেহ উদ্ধার করে তড়িঘড়ি স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। কী কারণে এই মৃত্যু, তা এখনও স্পষ্ট নয়। এটি আত্মহত্যা নাকি এর পিছনে অন্য কোনও কারণ রয়েছে, তা খতিয়ে দেখছে পুলিশ। পরিবারের সদস্যদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। রবিবার মৃতদেহটি ময়না তদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হয়েছে। ময়না তদন্তের রিপোর্ট এলেই মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে বলে জানিয়েছে পুলিশ। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে।

কামাখ্যাগুড়িতে টোটোতে টিন তুলতে গিয়ে পা পিছলে জখম চালক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ সেপ্টেম্বর : কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়িতে রবিবার টোটোতে টিন তুলতে গিয়ে গুরুতর জখম হলেন এক টোটো চালক। স্থানীয় সূত্রে জানা গেছে, রবিবার দুপুরে কামাখ্যাগুড়ি এলাকায় নিজের টোটোতে টিন তুলছিলেন ওই চালক। সেই সময় হঠাৎ পা পিছলে নিচে পড়ে যান তিনি। পায়ে গুরুতর আঘাত পান। তাঁর চিকিৎকার শুনে ছুটে আসেন স্থানীয়রা। তড়িঘড়ি তাঁকে উদ্ধার করে চিকিৎসার জন্য কামাখ্যাগুড়ি প্রাথমিক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে তাঁর চিকিৎসা চলছে। চিকিৎসকরা জানিয়েছেন, তাঁর পায়ের আঘাত গুরুতর। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। কীভাবে দুর্ঘটনাটি ঘটল, তা খতিয়ে দেখছে পুলিশ। এই ঘটনায় এলাকায় সাময়িক চাঞ্চল্য ছড়ায়।

মাদক বিরোধী সচেতনতা কর্মসূচি পুলিশের উদ্যোগে



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৭ সেপ্টেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের মাটিগাড়া থানার অধীন উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল আউট পোস্টের কর্মীদের উদ্যোগে রবিবার মাটিগাড়ার কালামজোত গ্রামে আয়োজিত হয় মাদক বিরোধী সচেতনতা কর্মসূচি। জানা গেছে স্থানীয় বাসিন্দাদের মধ্যে মাদক সেবনের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং একটি মাদকমুক্ত সুস্থ সমাজ গড়ে তোলাই এই কর্মসূচির মূল উদ্দেশ্য। এই কর্মসূচিতে সমাজের সর্বস্তরের মানুষের অংশগ্রহণকে উৎসাহিত করা হয় এবং মাদক থেকে দূরে থাকার গুরুত্ব সম্পর্কে সচেতনতার বার্তা দেওয়া হয়।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL



সেবা সংকল্প অভিযানকে সামনে রেখে এমজেএন মেডিক্যাল কলেজ ও হাসপাতাল চত্বরে সাফাই অভিযান



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৭ সেপ্টেম্বর : সেবা সংকল্প অভিযানকে সামনে রেখে রবিবার কোচবিহার এমজেএন মেডিক্যাল কলেজ ও হাসপাতাল চত্বরে সাফাই অভিযান চালানো হয়। কোচবিহার পৌরসভা ও এম জে এন মেডিক্যাল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষ যৌথভাবে এই সাফাই অভিযান চালায়। হাসপাতালকে পরিষ্কার পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর রাখার বার্তা দিতেই এই কর্মসূচি। সাফাই অভিযান থেকে সর্বস্তরের মানুষের কাছে পরিবেশকে পরিষ্কার পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর রাখার জন্য সচেতনতার বার্তা দেওয়া হয়। উপস্থিত ছিলেন কোচবিহার সদরের মহকুমামাশাসক তথা কোচবিহার পৌরসভার প্রশাসক গোবিন্দ নন্দী সহ অন্যান্যরা।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

